



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

হালিশহর মুনির নগর ও দক্ষিণ আছাবাদে ঈদ উপহার বিতরণকালে মেয়র

আনন্দ-উচ্ছ্বাসে গা ভাসিয়ে না দিয়ে স্বাস্থ্যবিধি মেনে চলুন

চট্টগ্রাম-১০ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনাকালে বৈশ্বিক পরিস্থিতি মোটেই সুবিধাজনক অবস্থানে নেই। তাই সকলেই বিপর্যস্ত। তবে আশংকিত হলে বিপদ আরো বাড়বে। এ কারণে ধৈর্য ধরে পরিস্থিতি মোকাবেলা করতে হবে এবং ধৈর্যই ধর্ম। আজ সবচেয়ে বড় প্রয়োজন স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে চলা এবং আনন্দ-উচ্ছ্বাসে গা ভাসিয়ে না দেয়া। তিনি আজ সোমবার হালিশহর মুনির নগর ও দক্ষিণ আছাবাদ ওয়ার্ডে ঈদ উপহার বিতরণকালে এলাকাবাসীর উদ্দেশ্যে এ কথা বলেন। তিনি আরো বলেন, করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকারের কিছু নিষেধাজ্ঞা রয়েছে। এর আওতায় দূরপাল্লার যাত্রী পরিবহন চলাচল বন্ধ রয়েছে। তবুও ঈদ আনন্দ উপভোগে মানুষের ছুটে চলা থেমে নেই। তাই পদে পদে পথের বিপদ ঘটান আশংকা দেখা দিচ্ছে। এই বিপদ ঈদ আনন্দকে শুধু ম্লান করবে না বরং বড় ধরনের বিপর্যয় ও দুর্ভোগ ডেকে আনবে। তাই প্রত্যেকের উচিত বাড়িতে গিয়ে আপনজনদের বিপদে ডেকে না আনা। তিনি এও উল্লেখ করেন যে, ভারতে সংক্রমিত করোনা ভাইরাসের নতুন বিপজ্জনক ধরণটির অনুপ্রবেশের আভাষ পাওয়া গেছে। অবশ্যই তাকে প্রতিরোধ করতে হবে এবং তা করতে পারবো। কারণ মহান আল্লাহর পর আমাদের একমাত্র ভরসা সাহসী প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। তিনি আরো বলেন, এমন প্রতিকূল পরিস্থিতিতেও নানাজন নানা কথা বলছেন। তারপরও বুকে হাত দিয়ে বলছি এখন পর্যন্ত কেউ না খেয়ে মরে নি। আমি প্রতিনিয়ত মানুষের কাছে ছুটে যাচ্ছি। প্রত্যেকেরই দায়িত্ব আত্মমানবতার সেবা নিয়ে পাশে দাঁড়ানো এবং এটাই সকলের নৈতিক কর্তব্য। হালিশহর মুনির নগর ওয়ার্ড আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মো. জানে আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম, ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ মো. এনামুল হক, সব-সভাপতি এস. এম. নাসির উদ্দীন অন্যান্যদের মধ্যে সৈয়দ মো. হোসেন, মোজাম্মেল হক, হাজী মঞ্জুর আলম, মোতালেব সওদাগর, মো. আলি, ইসহাক চৌধুরী, হাজী ওয়াকার উদ্দীন, মো. আলমগীর, দেবশীষ পাল দেবু, শেখ মো. জসিম উদ্দীন, জাহেদ হোসেন, আব্দুর রহিম সুমন, হাবীব শরীফ, ওয়াহিদুজ্জামান জাহেদ, মো. রনি প্রমুখ।

তিনি দক্ষিণ আছাবাদ এক্সেস রোডের একটি কমিউনিটি সেন্টারে প্রতিবেদীদের কাছে ঈদ উপহার বিতরণ করতে গিয়ে বলেন, ঈদ উপহার দয়া নয়, সহায়তা। আশা করি আজ যারা প্রতিবেদী আল্লাহ তাদের উপর রহমত বর্ষণ করবেন। কারা পরিদর্শক আজিজুর রহমান আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রাণ বিতরণ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছা সেবক লীগের সহ-সভাপতি ইঞ্জি. ফারুক আহমেদ, মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু, চসিক প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, কাউন্সিলর শেখ জাফরুল হায়দার চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আব্দুল্লাহ আল ইব্রাহিম, রাহুল বড়ুয়া রাহুল, রনি মির্জা, ফরহাদ সায়েম প্রমুখ

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩